জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মেলান্দহ, জামালপুর-২০১২
ওয়েবসাইট: www.jstu.ac.bd

স্মারক নং: জাবিপ্রবি/রেজিস্ট্রার দপ্তর/ব্যক্তিগত শাখা/নোটিশ/২৬/১১৩ তারিখ: ২২ কার্তিক ১৪৩৩ / ০৭ নভেম্বর ২০২৬

বিদ্যুৎ সরবরাহ বন্ধকালীন জেনারেটর পরিচালনার সময় সূচি সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পাওয়ার গ্রিডের জামালপুর ১৩২/৩৩ কেভি গ্রিড উপকেন্দ্রের আধুনিকায়ন কাজের জন্য আগামী ০৮ নভেম্বর ২০২৬ (রবিবার) ও ০৯ নভেম্বর ২০২৬ (সোমবার) সকাল ৭টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত মেলান্দহ জোনাল অফিসের আওতাধীন সকল এলাকায় বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকবে। এমতাবস্থায় বিশ্ববিদ্যালয়ের বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থাপনার স্বার্থে উল্লিখিত দুই দিন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী জেনারেটর বন্ধ থাকবে:

ক্র/নং	জেনারেটর বন্ধের সময় সূচি
০১	সকাল ০৭:০০টা থেকে সকাল ০৯:০০ টা
০২	সকাল ১১:০০টা থেকে ১২.:৩০ টা
০৩	দুপুর ০২:৩০টা থেকে বিকেল ০৩:৩০টা

উল্লিখিত সময়সূচি বিবেচনায় রেখে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ, বিদ্যুতের সাশ্রয়ী ব্যবহার এবং জরুরি বৈদ্যুতিক সরঞ্জাম ব্যবহারে সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো। সাময়িক অনাকাঙ্ক্ষিত এ অসুবিধার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
রেজিস্ট্রার

স্মারক নং: জাবিপ্রবি/রেজিস্ট্রার দপ্তর/ব্যক্তিগত শাখা/নোটিশ/২৬/১১৩ তারিখ: ২০ কার্তিক ১৪৩৩ / ০৭ নভেম্বর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। কোষাধ্যক্ষ, কোষাধ্যক্ষ কার্যালয়, জাবিপ্রবি;
০২। বিভাগীয় চেয়ারম্যান, সিএসই/ইইই/গণিত/ফিশারিজ/ব্যবস্থাপনা/সমাজকর্ম/জিওলজি বিভাগ, জাবিপ্রবি, (সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য অনুরোধসহ);
০৩। প্রভোস্ট (ভারপ্রাপ্ত), বিজয়-২৪/অপরাজিতা হল, জাবিপ্রবি; (শিক্ষার্থীদের অবহিত করার অনুরোধসহ)
০৪। প্রক্টর (ভারপ্রাপ্ত), প্রক্টর কার্যালয়, জাবিপ্রবি;
০৫। দপ্তর/শাখা প্রধান (সকল), জাবিপ্রবি, (সকল কর্মকর্তা ও কর্মচারীদের অবগিতর জন্য অনুরোধ করা হলো);
০৬। অতিরিক্ত পরিচালক (ভারপ্রাপ্ত), আইসিটি সেল, (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
০৭। পিএস টু ভিসি (সহকারী রেজিস্ট্রার), ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাবিপ্রবি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৮। ব্যক্তিগত সহকারী, রেজিস্ট্রার দপ্তর, জাবিপ্রবি;
০৯ নোটিশ বোর্ড, সকল, জাবিপ্রবি;
১০। নথি/মহানথি।

০৭.১১.২০২৬
রেজিস্ট্রার
ফোন: +৮৮০২২২৩৩৭৭৫০৩
ই-মেইল: registrar@jstu.ac.bd